



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION

বিজ্ঞপ্তি নং- ০৫/২০২৬

তারিখঃ ০৫-০৪-২০২৬

### পুনঃ প্রকাশিত ও সংশোধিত বিজ্ঞপ্তি

বরাবর: বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আওতাধীন সকল সদস্য সংস্থাসমূহ।

বিষয়: ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: ১। বাফুফে কর্তৃক ইতিপূর্বে প্রেরিত বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৬, তারিখ: ১৫-০৩-২০২৬।  
২। বাফুফে কর্তৃক ইতিপূর্বে প্রেরিত বিজ্ঞপ্তি নং- ০৪/২০২৬, তারিখ: ২৮-০৩-২০২৬।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্র বিজ্ঞপ্তির আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় প্রথমবার ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এর খেলা আগামী ০২-০৫-২০২৬ তারিখ হতে আয়োজন করা হবে। আসন্ন ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ উপলক্ষে প্রণীত BFF Futsal Club Licensing Regulations 2025-26 এর বিভিন্ন নির্ণায়কসমূহ যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজ-পত্রাদি গত ০৪-০৪-২০২৬ তারিখের মধ্যে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের নির্ধারিত সময়সীমা থাকলেও বিভিন্ন ক্লাবের সময় বর্ধিত করণের আবেদন বিবেচনা করতঃ উক্ত সময়সীমা আগামী ০৯-০৪-২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

এমতাবস্থায় যে সকল ক্লাব ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এ অংশগ্রহণে অগ্রহী সে সকল ক্লাবসমূহকে এতদসঙ্গে সংযুক্ত Updated Core Process Timeline অনুযায়ী BFF Futsal Club Licensing Regulations 2025-26 এর বিভিন্ন নির্ণায়কসমূহ যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজ-পত্রাদি সংযুক্তি হিসেবে আগামী ০৯-০৪-২০২৬ তারিখের মধ্যে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য যে, আসন্ন ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এ অংশগ্রহণের লক্ষ্যে ক্লাব লাইসেন্সিং এর জন্য আবেদনকারী দলসমূহকে নিরাপত্তা জনিত জামানত (Security/Guarantee Deposit) হিসেবে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের অনুকূলে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার (বাফুফে’র আওতাধীন সার্ভিসেস দলসমূহ ব্যতীত) পে অর্ডার প্রদান করতে হবে; যাহা উক্ত লীগের নিয়মকানুন ও শর্তসমূহ পূরণ সাপেক্ষে ফেরতযোগ্য।

বিশেষভাবে উল্লেখ্য যে:

- কোনো ক্লাব/সংস্থা যদি বিশিষ্ট বা বিখ্যাত ব্যক্তির নাম ব্যবহার করতে ইচ্ছুক হয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রাস্ট/ফাইন্ডেশন/ইনিস্টিটিউট থেকে পূর্বানুমতি গ্রহণ করতে হবে এবং তার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় আইনগত সনদপত্র বাফুফে বরাবর দাখিল করতে হবে।
- সকল লাইসেন্স আবেদনকারী ক্লাবের পুরুষ ও মহিলা উভয় দল থাকা বাধ্যতামূলক।
- সকল লাইসেন্স আবেদনকারী ক্লাবকে এই মর্মে ঘোষণা করতে হবে যে পুরুষ ও মহিলা উভয় দলকে ধারাবাহিকভাবে পরবর্তী দুইটি ফুটসাল লীগ/মৌসুমের খেলায় অংশগ্রহণ করতে হবে।

চলমান পাতা #০২



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION

(০২)

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে'র এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-ক্লাব লাইসেন্সিং এন্ড ইন্টিগ্রিটি, জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮ ০১৭৬০-৮১৯৮৪৮ এবং ই-মেইলঃ mirajul.islam@bff.com.bd) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

বাংলাদেশ ফুটবল ফেডারেশন

ইমরান হোসেন তুষার  
সাধারণ সম্পাদক



মোঃ ইমরানুর রহমান  
চেয়ারম্যান, বাফুফে ফুটসাল কমিটি

### বিতরণঃ

- ১। সম্মানীত সভাপতি, বাফুফে।
- ২। সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দ ও সকল সদস্য, কার্যনির্বাহী কমিটি, বাফুফে।
- ৩। ফুটসাল কমিটি, বাফুফে।
- ৪। বাফুফে'র আওতাধীন সকল এসোসিয়েশন/সদস্য সংস্থা।
- ৫। বাফুফে নোটিশ বোর্ড।
- ৬। সকল ইলেকট্রনিক্স, প্রিন্ট ও অনলাইন মিডিয়া।
- ৭। সংশ্লিষ্ট সকল।

সংযুক্তিঃ Updated Core Process Timeline.



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION

### Updated Core Process Timeline for Futsal 2025-26

Date	Action	Action By
15-03-2026	Club Licensing Administration (CLA) distributes the circulars & Licensing Packs to License Applicant (LA)/Club	CLA
09-04-2026	Submission Date - LA/Club to submit completed License Applications to CLA (deadlines may vary for each Criterion and for each document type)	LA/Club
12-04-2026	Assessment of the License Applications (inspection, site visit, etc) and present a report to the Decision-Making Bodies – First Instance Body (FIB)	CLA
15-04-2026	Decision-making for granting of license by the First Instance Body	FIB
18-04-2026	Appeal Date – LA/Club may file a request for an appeal against the determination of the FIB (refusal license cases)	LA/Clubs
25-04-2026	Decision-making for granting of license by the Appeals Body (AB)	AB
27-04-2026	CL Administration (CLA) to inform the Clubs and AFC of the Club(s) which is/are issued with license, license issued with sanctions, and license not issued	CLA

